

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং- ৪৫.১৭৪.০০২.২০.০০.০২০.২০১২ -১৫৪

তারিখ : ০৬.০৫.২০১৩ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “ইমপ্রুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট” কর্মসূচির অনুকূলে স্থানীয় প্রশিক্ষণ এবং বৈদেশিক প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য ৩২,৯৪,০০০/- (বত্রিশ লক্ষ চুরানব্বই হাজার) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি'র আওতায় “ইমপ্রুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট” (কোড নং-৫-২৭০১-৫৫২০) কর্মসূচীর অনুকূলে ২০১২-২০১৩ অর্থবছরে ১ম-৩য় কিস্তিতে আরপিএ (জিওবি) খাতে ছাড়কৃত ২১০.০০ লক্ষ (দুই কোটি দশ লক্ষ) (রাজস্ব ২১০.০০ + মূলধন ০.০০) টাকা হতে “Training on Financial Management for DDOs and Accounts Personnel” শীর্ষক দুদিনের ব্যাচ ভিত্তিক স্থানীয় প্রশিক্ষণ বাবদ ১১,৬৭,২০০/- টাকা এবং অস্ট্রেলিয়ার অনুষ্ঠিতব্য “Project Budgeting and Cost Control” শীর্ষক ৪ জনের বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের নিমিত্ত ২১,২৬,৮০০/- টাকাসহ মোট ৩২,৯৪,০০০/- (বত্রিশ লক্ষ চুরানব্বই হাজার) টাকা অগ্রিম উত্তোলনে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- ক. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- খ. পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- গ. অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- ঘ. আরপিএ (জিওবি) বাবদ ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- ঙ. অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- চ. ইতোমধ্যে উত্তোলিত সমুদয় অর্থ সমন্বয় পূর্বক অগ্রিমের প্রস্তাব করতে হবে।

২। এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি'র “ইমপ্রুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট” (কোড নং-৫-২৭০১-৫৫২০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১২-২০১৩ অর্থ বছরের আরপিএ (জিওবি) হিসাবে প্রদত্ত অর্থের ৫-২৭০১-৫৫২০-৪৮৪০ কোড হতে সংকুলান করা হবে।

৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।



(হুমায়রা সুলতানা)
উপ-সচিব
ফোন : ৭১৭১৫৪০
-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

স্মারক নং- ৪৫.১৭৪.০০২.২০.০০.০২০.২০১২ -১৫৪/১(৬)

তারিখ : ০৬.০৫.২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. যুগ্ম-সচিব (আঃব্যঃঅঃ) ও লাইন ডাইরেক্টর, ইমপ্রুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট (এমওএইচ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(হুমায়রা সুলতানা)
উপ-সচিব